

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭৮৮

বিশালগড়, ১৩ নভেম্বর, ২০২৪

বন্যপ্রাণী সংরক্ষণ

সিপাহীজলায় উত্তর পূর্বাঞ্চল ভিত্তিক জু-কিপারদের নিয়ে সচেতনতা শিবির

উত্তর পূর্বাঞ্চলের জু-কিপারদের নিয়ে সিপাহীজলা জুলজিক্যাল পার্কে ৩ দিনব্যাপী বন্যপ্রাণী সংরক্ষণের বিষয়ে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। গত ১১ নভেম্বর এই সচেতনতা শিবিরের উদ্বোধন করেন বিধায়ক সুশাস্ত দেব। শিবিরের উদ্বোধন করে বিধায়ক বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষায় বন্যপ্রাণীর গুরুত্ব রয়েছে। জুলজিক্যাল পার্ক ও বন্যপ্রাণী পর্যটকদেরও আকৃষ্ট করে। তিনি বলেন, পর্যটনের বিকাশে রাজ্যে অর্থনীতির ভিত্তিও সুদৃঢ় হয়। সচেতনতা শিবিরে সিপাহীজলা জেলার বন আধিকারিক সুমিত দেব জানান, সচেতনতা শিবিরে উত্তর পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের ২৫ জন জু-কিপার অংশ নিয়েছেন। শিবিরে রিসোসপার্সন হিসেবে রয়েছেন মহারাষ্ট্রের পুনে থেকে আগত রেপ্টাইল এক্সপার্ট নিলাম খের ও প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপঅধিকর্তা তপন দাস। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক রিস্কু লাথের ও অতিরিক্ত প্রধান মুখ্য বন সংরক্ষক চৈতন্য মুর্তি। স্বাগত বক্তব্য রাখেন সিপাহীজলা জুলজিক্যাল পার্কের অধিকর্তা বিশ্বজিৎ দাস।
